

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪১৯

بَابٌ فِي الْقِيَامَةِ

আরবী

حَدَّثَنَا حُمَيْدُ بْنُ مَسْعَدَةَ، حَدَّثَنَا حُصَيْنُ بْنُ نُمَيْرٍ أَبُو مِحْصَنِ، حَدَّثَنَا حُسَيْنُ بْنُ قَيْسٍ الله اللّهَ عَرَّا عَطَاءُ بْنُ أَبِي رَبَاحٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ ابْنِ مَسْعُودٍ، عَنِ النّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ تَزُولُ قَدَمَا ابْنِ آدَمَ يَوْمَ الْقِيَامَةِ مِنْ عِنْدِ رَبّهِ حَتَّى يُسْأَلَ عَنْ خَمْسٍ عَنْ عُمْرِهِ فِيمَا أَفْنَاهُ وَعَنْ شَبَابِهِ فِيمَا أَبْلاَهُ وَمَالِهِ مِنْ أَيْنَ اكْتَسَبَهُ وَفِيمَ أَنْفَقَهُ وَمَاذَا عَنْ عُمْرِهِ فِيمَا أَفْنَاهُ وَعَنْ شَبَابِهِ فِيمَا أَبْلاَهُ وَمَالِهِ مِنْ أَيْنَ اكْتَسَبَهُ وَفِيمَ أَنْفَقَهُ وَمَاذَا عَمْلَ فِيمَا عَلِمَ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ ابْنِ مَسْعُودٍ عَنِ عَمِلَ فِيمَا عَلِمَ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثِ ابْنِ مَسْعُودٍ عَنِ النّبِي صلى الله عليه وسلم إِلاَّ مِنْ حَدِيثِ الْحُسَيْنِ بْنِ قَيْسٍ . وَحُسَيْنُ بُنُ قَيْسٍ يُضَعَقُ فَي الْبَابِ عَنْ أَبِي بَرْزَةَ وَأَبِي سَعِيدٍ .

বাংলা

২৪১৯. হুমায়দ ইবন মাসআদা (রহঃ) ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পাঁচটি বিষয়ে জিজ্ঞাসাবাদ না হওয়া পর্যন্ত কিয়ামতের দিন প্রভুর নিকট থেকে আদম সন্তানের পা সরবে নাঃ জিজ্ঞাসা করা হবে তার বয়স সম্পর্কে, কি কাজে সে তা অতিবাহিত করেছে, তার যৌবন সম্পর্কে কি কাজে সে তা বিনাশ করেছে; তার সম্পদ সম্পর্কে, কোথা থেকে সে তা অর্জন করেছে আর কি কাজে সে তা ব্যয় করেছে এবং সে যা শিখেছিল তদনুযায়ী কি আমল সে করেছে? সহীহ, সহিহাহ ৯৪৬, তা'লীকুর রাগীব ১/৭৬, রওযুন নাযীর ৬৪৮, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪১৬ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। হুসায়ন ইবন কায়স-এর সূত্র ছাড়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু-এর বরাতে বর্ণিত হাদীস হিসাবে এটি সম্পর্কে আমরা কিছু জানি না। হাদীস বর্ণনার ক্ষেত্রে হুসায়ন হচ্ছে যঈফ রাবী।

এ বিষয়ে আবৃ বার্যা ও আবৃ সাঈদ রাদিয়াল্লাহু আনহুমা থেকেও হাদীস বর্ণিত আছে।



English

Ibn Mas'ud narrated that the Messenger of Allah (s.a.w) said:

"The feet of the son of Adam shall not move from before his Lord on the Day of Judgement, until he is asked about five things: about his life and what he did with it, about his youth and what he wore it out in, about his wealth and how he earned it and spent it upon, and what he did with what he knew."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন